অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/24/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের ভোট আইন আধুনিকায়ন করে ল্যান্ডমার্ক বিধান স্বাক্ষর করলেন

2019 ন্যায়বিচার এজেন্ডার (2019 Justice Agenda) কেন্দ্রীয় উপাদান অর্জন করলেন

বিধানের ফলে নির্বাচনের 8 দিন পূর্বে দ্রুত ভোটদান সম্ভব হবে; ফেডারেল ও স্টেটের মূল নির্বাচন একই তারিখে হবে; কিশোরদের জন্য প্রাক-নিবন্ধন এবং স্টেটের মধ্যে ভোটার বহনযোগ্যতা সম্ভব হবে; LLC লুপহোল বন্ধ হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে বিধান স্বাক্ষর করলেন যা নিউ ইয়র্ক স্টেটের ভোটদান আইনকে একুশ শতকের সাথে সামঞ্জস্যপূর্ণ করার প্রক্রিয়া শুরু করবে, যা নতুন বিধানিক অধিবেশনের প্রথম 100 দিনের 2019 ন্যায়বিচার এজেন্ডার একটি কেন্দ্রীয় লক্ষ্য। এই ঐতিহাসিক নতুন আইনের ফলে নির্বাচনের আট দিন পূর্বে দ্রুত ভোটদান সম্ভব হবে; ফেডারেল ও স্টেটের মূল নির্বাচন একই তারিখে হবে; কিশোরদের জন্য প্রাক-নিবন্ধন এবং স্টেটের মধ্যে ভোটার বহনযোগ্যতা সম্ভব হবে; LLC লুপহোল বন্ধ হবে।

"এমন একটা সময়ে, যখন ফেডারেল সরকার ভোটদানকারীদের ভোটাধিকার থেকে বঞ্চিত করতে সম্ভাব্য সবকিছু করছে, আমরা সেই সব প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলছি যা নিউ ইয়র্কের অনেকগুলি প্রজন্মকে তাদের ভোটাধিকার ব্যবহার থেকে নিরুৎসাহিত করেছে", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের প্রথম 100-দিনের ন্যায়বিচার এজেন্ডার অংশ হিসেবে এইসব গুরুত্বপূর্ণ ভোটদান সংক্রান্ত সংশোধন আইন হিসেবে স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত কিন্তু এটি কেবল শুরু। আমরা কাজটি শেষ করবো এবং এই বছরের বাজেটে অতিরিক্ত সংশোধন বিধিবদ্ধ করবো যার মধ্যে থাকবে স্বয়ংক্রিয় নিবন্ধন এবং আপস্টেট ভোটদান সময়কাল বৃদ্ধি যাতে সব সময়ের জন্য ব্যালট বাক্সের মাধ্যমে নিজের মত প্রকাশ করা নিউ ইয়র্কবাসীর জন্য সহজ হয়।"

"নারী ভোটাধিকার কমিশনের (Women's Suffrage Commission) সভাপতি হিসেবে, আমি পুরো স্টেটে এই অতি প্রয়োজনীয় ভোটদান সংক্রান্ত সংশোধনের জন্য ওকালতি করেছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "দ্রুত ভোটদান, প্রাক-নিবন্ধন ও অন্যান্য সংশোধনের মাধ্যমে, গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করার সুযোগ সুবিধা নিউ ইয়র্কবাসীর জন্য বৃদ্ধি পাবে। এটি কেবলই শুরু - আমরা আমাদের ভোটদান ব্যবস্থাকে আরো আধুনিক ও শক্তিশালী করতে অতিরিক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অঙ্গীকারবদ্ধ। বোধশক্তি বিধানটি ভোটদানকারীর অংশগ্রহণ বৃদ্ধি করবে এবং আমাদের গণতন্ত্রকে শক্তিশালী করবে।"

গভর্নর কুওমো নিম্নোক্ত ভোটদান সংশোধন স্বাক্ষর করে -- 2019 বিধানসভা অধিবেশনের প্রথম অনুমোদিত বিল -- আইনে পরিণত করেনঃ

- **LLC লুপহোল "বন্ধ" করা:** বিলটি কোনো LLC-এর দ্বারা রাজনৈতিক খরচ বার্ষিক মোট 5,000 মার্কিন ডলারে সীমাবদ্ধ করে LLC লুপহোলটি বন্ধ করবে, এটি কর্পোরেশনগুলির সমান সীমা। এই বিলটির ফলে ক্যাম্পেইনে অবদান রাখা LLC-এর প্রত্যক্ষ ও পরোক্ষ সদস্য হওয়ার স্বার্থ প্রকাশ করতে হবে, এবং সেই অবদান ওই ব্যক্তির উপর আরোপিত হতে হবে।
- **দ্রুত ভোটদানঃ** দ্রুত ভোটদানের ব্যবস্থা করলে পেশাদার বা পারিবারিক দায়িত্ব নিয়ে ব্যস্ত থাকা ভোটারদের, যাদের জন্য কেন্দ্রে গিয়ে ভোটদান কঠিন, তাদের কাজ সহজ হবে, একইসাথে অপেক্ষার সময় কম হবে এবং নির্বাচনী কর্মীদের লজিস্টিক কাজের চাপ কমবে।
- **ফেডারেল এবং স্টেট নির্বাচনের মধ্যে সমন্বয়ঃ** নিউ ইয়র্ক স্টেট বর্তমানে স্টেট ও ফেডারেল নির্বাচনের জন্য পৃথক মূল নির্বাচন আয়োজন করে। প্রতি চার বছরে প্রেসিডেন্সিয়াল মূলের সাথে সাধারণ নির্বাচন যুক্ত হয়ে, দেখা যাচ্ছে যে নিউ ইয়র্ক কোনো কোনো ক্ষেত্রে বছরে চারটি ভিন্ন ভিন্ন নির্বাচন করছে। এটি ভোটারদের জন্য দ্বিধাজনক হতে পারে এবং প্রশাসনিক সংস্থানের অপচয় করে। এই বিলটি এখন থেকে সব সময় ফেডারেল ও স্টেট মূল নির্বাচন একত্রে করবে এবং ভোটারদের যাতে মাত্র একবার নির্বাচনে গিয়ে তাদের প্রার্থী মনোনীত করতে হয় তা নিশ্চিত করবে।
- **অপ্রাপ্তবয়স্কদের জন্য প্রাক-নিবন্ধনঃ** বছর শেষে বা ভোটের দিন যাদের 18 বছরের কম বয়স থাকবে সেই সব নিউ ইয়র্কবাসী ভোটের জন্য নিবন্ধন করতে পারবে না। বিলটির ফলে 16 ও 17 বছরের ভোটাররা ভোটের জন্য প্রাক-নিবন্ধন করতে পারবে, অর্থাৎ ভোটার তার 18তম জন্মদিনে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত হয়ে যাবে।
- **নিবন্ধনের সার্বজনীন স্থানান্তরঃ** যখন কোনো নিউ ইয়র্কবাসী অন্য একটি কাউন্টিতে চলে যান, তাদের ভোটার নিবন্ধন তাদের সাথে যায় না। এর ফলে ভোটারকে তার নতুন স্থানীয় নির্বাচন বোর্ডে পুনর্নিবন্ধন করতে হয় যেন সে প্রথমবার নিবন্ধন করছে। বিলটি নিশ্চিত করবে যে যখন ভোটার স্টেটের অন্য কোথাও চলে যায়, তার ভোটার নিবন্ধন তার সাথেই যাবে।

পাশাপাশি, গভর্নর সাংবিধানিক সংশোধনের দুইটি সংকল্প পাশ করাও উদযাপন করলেনঃ

- **কোনো-কারণ ছাড়াই মেইলের মাধ্যমে অনুপস্থিত ভোট প্রদানঃ** নিউ ইয়র্ক স্টেটের সংবিধান বর্তমানে উপযুক্ত কারণ ছাড়া ব্যক্তিকে অনুপস্থিত ব্যালটে ভোট দেওয়া থেকে বিরত রাখে, কারণ হতে পারে নির্বাচনী দিনে কাউন্টির বাইরে থাকা বা অসুস্থতা বা অক্ষমতা। এটি বর্তমানে সংবিধানে তালিকাভুক্ত কারণের বাইরে কোনো কারণে বা সহজ হওয়ার জন্য নিউ ইয়র্কবাসীকে মেইলের মাধ্যমে ভোট দেওয়া থেকে বিরত করে। কারণ যাই হোক না কেন, উপযুক্ত সব ভোটার মেইলের মাধ্যমে ভোট দিতে পারবে - সংবিধানের এই সংশোধনের মাধ্যমে আরো সহজে ভোট প্রদানের ব্যবস্থা করতে সাহায্য করা হবে।
- **একই-দিনে নিবন্ধনঃ** নিউ ইয়র্ক স্টেট সংবিধান অনুযায়ী, ভোটাররা নির্বাচনের 10 দিনের কম সময় বাকি থাকতে নিবন্ধন করতে পারবে না ফলে ভোট প্রদান করতে পারবে না। আজকের বিশ্বের প্রযুক্তির ক্ষেত্রে, এমন কোনো পলিসি বা প্রশাসনিক কারণ থাকতে পারে না ভোটাররা নির্বাচনের দিনেই নিবন্ধন করতে পারবে না। সাংবিধানিক সংশোধনগুলি ব্যালট বাক্সের এই সেকেলে কিন্তু দুরূহ প্রতিবন্ধকতা অপসারণ করবে।

যদিও প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে ভোট দিতে উৎসাহিত করতে এইসব সংশোধন কেন্দ্রীয় ধাপ, গভর্নর কুওমোর ফিসক্যাল বছর 2020 নির্বাহী বাজেটে (2020 Executive Budget) নিউ ইয়র্কের ভোটদান আইন আধুনিকায়ন করতে অতিরিক্ত ব্যবস্থা প্রস্তাব করে, যার মধ্যে রয়েছেঃ

- **আপস্টেটে দুপুরের আগে ভোটঃ** স্টেট নির্বাচন আইন (State Election Law) বর্তমানে প্রধান নির্বাচনী দিনে কেবল আপস্টেট নিউ ইয়র্কে দুপুরের আগে ভোট গ্রহণ কেন্দ্র খুলতে বাধা দে, যার ফলে স্টেটব্যাপী ভোটদানের অসম সুযোগ তৈরি হয়। সব এলাকার নিউ ইয়র্কবাসী ভোট দানের একই সুযোগ পাওয়ার অধিকার রাখে এবং এই বছর নিউ ইয়র্ক নিশ্চিত করবে যেন মূল নির্বাচনের সময় আপস্টেটে ভোটদানের সময় নিউ ইয়র্কের অন্যান্য অঞ্চলের ভোটদানের সময়ের সাথে মিল রেখে বর্ধিত হয়।
- **নির্বাচনের দিনকে একটি ছুটির দিন বানানোঃ** কাজ থেকে ছুটি নিতে না পারা কখনোই ভোটদানের অন্তরায় হওয়া উচিত না। এই বছর, নিউ ইয়র্ক এটি নিশ্চিত করবে যে নির্বাচনের দিন ভোট দেওয়ার জন্য সকল নিউ ইয়র্কবাসী ছুটি পাবে।
- **স্বয়ংক্রিয় নিবন্ধনঃ** আজকে নিউ ইয়র্কবাসীদের এই সুবিধা দেওয়া হয়েছে যে তারা স্টেটের কোনো এজেন্সির সাথে কথাবার্তা চালানোর সময় ভোটের জন্য নিবন্ধন করতে পারবে এবং তাদের অবশ্যই ঐচ্ছিকভাবে নিবন্ধিত হতে চাইতে হবে। বাজেটে এমন একটি প্রস্তাবনা থাকবে যা প্রক্রিয়াটিকে উল্টে ফেলবে এবং উপযুক্ত সকল নিউ ইয়র্কবাসীর ভোটার নিবন্ধন করবে যদি না তারা ঐচ্ছিকভাবে নিবন্ধিত হতে না চায়। স্বয়ংক্রিয় ভোটার নিবন্ধন শুধু ভোটার নিবন্ধন ও ভোট দিতে আসা মানুষের সংখ্যাবৃদ্ধিই করবে না, এটি আমাদের গণতান্ত্রিক প্রক্রিয়া জোরদার করবে।
- **অনলাইন নিবন্ধনঃ** DMV ছাড়া, নিউ ইয়র্ক স্টেটে অনলাইনে ভোটার নিবন্ধনের কোনো ব্যবস্থা নেই। বাজেটে এমন প্রস্তাবনা রাখা হবে যা অনলাইনে স্বয়ংক্রিয় ভোটার নিবন্ধন সুযোগ নিশ্চিত করবে যার মধ্যে স্টেটের নির্বাচন বোর্ডের (State Board of Elections) ওয়েবসাইটে নিউ ইয়র্কবাসীদের নিবন্ধনের আবেদন করা অন্তর্ভুক্ত।
- **কর্পোরেট অবদান নিষিদ্ধঃ** কর্পোরেট অর্থ আমাদের নির্বাচনী ব্যবস্থাকে গ্রাস করে ফেলেছে। নির্বাহী বাজেটে সব ধরনের কর্পোরেট অবদান নিষিদ্ধ ঘোষণা করার প্রস্তাব অন্তর্ভুক্ত করা হয়েছে, এর ফলে ক্ষমতা জনগণের হাতে ফিরে আসবে এবং আমাদের গণতন্ত্রের প্রক্রিয়ায় কালো টাকা এবং বিশেষ স্বার্থের প্রভাব অপসারণে সহায়তা করা হবে।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "সরকারের প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলা। আমাদের গণতন্ত্রে আমাদের আরো বেশি স্বর প্রয়োজন, কম নয়। ভোট প্রদান সহজ করা এবং নিউ ইয়র্কবাসীদের তাদের সাংবিধানিক অধিকার ব্যবহার স্বর শোনানোর ব্যবস্থা করা পক্ষপাত বা বিতর্কমূলক হওয়া উচিত না। দ্রুত ভোট দান, একই দিনে নিবন্ধন, প্রাক-নিবন্ধন, এবং কোনো কারণ ছাড়াই অনুপস্থিত ভোটদানের মতো বিষয়ে অন্যান্য স্টেট অগ্রজ হয়েছে। সময় হয়েছে নিউ ইয়র্কেরও সেই নাগাল পাওয়ার, যাতে আমরা আরো একবার সম্মুখের পথে নেতৃত্ব দিতে পারি।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "অনেক বছর ধরে, অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠরা চেষ্টা করেছে ভোটদানকারীরা যাতে সহজে তাদের ভোট দিতে পারে, এবং যদিও নিউ ইয়র্ক প্রগতিশীল নেতা হিসেবে গর্ব করে, আমাদের সুপ্রাচীন নির্বাচন আইন অনেক পেছনে পড়ে আছে। সত্যিকারের পরিবর্তন - গণতান্ত্রিক প্রক্রিয়া

সহজলভ্য করা এবং আমাদের ক্যাম্পেইন আর্থিক আইনে আরো স্বচ্ছতা আনা - আনার জন্য আমাদের সিনেট সংখ্যাগরিষ্ঠ অংশীদারদের সাথে কাজ করা ছিল খুবই আনন্দদায়ক। নিউ ইয়র্ককে সামনে অগ্রসর করতে আমাদের মিলিত কাজ চালিয়ে যেতে আমি উন্মুখ হয়ে আছি।"

সিনেটর জেলনর মিরি বলেন, "ভোটাধিকার হল এমন একটি অধিকার যা অন্য সব অধিকারকে রক্ষা করে, তবুও অনেক দিন ধরেই নিউ ইয়র্কবাসীরা দেশের সবথেকে সুপ্রাচীন ও পশ্চাদমুখী ভোটদান আইনের ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছিলো। দ্রুত ভোটদান, সাথে এইসব গুরুত্বপূর্ণ সংশোধন আরো বেশি মানুষকে ভোটদানের সুযোগ দিবে এবং আমাদের সরকারকে এর ভোটদানকারীদের প্রতি আরো বেশি দায়বদ্ধ করবে।"

অ্যাসেম্বলি সদস্য চার্লস ল্যাভিন বলেন, "ভোটদান সংশোধন বিলের দীর্ঘদিনের স্পনসর হিসেবে, আজকে নিউ ইয়র্ক স্টেট এবং আমাদের গণতন্ত্রের জন্য দারুণ এক দিন। অনেক বেশি দিন ধরে, সুপ্রাচীন ভোটদান আইন গণতন্ত্রকে অন্ধকারে রেখেছে, বিশাল সংখ্যক নিউ ইয়র্কবাসীকে ভোটদান প্রক্রিয়ার এবং কে তাদের প্রতিনিধিত্ব করবে এ ব্যাপারে তাদের কোনো মতামত ছিল না। আজকে, আমরা স্বরহীনকে স্বর দিচ্ছি, এবং নিশ্চিত করছি যে নিউ ইয়র্কের নির্বাচন যেন সরল, ন্যায্য এবং সবাইকে নিয়েই হয়। এই অতি জরুরি বিধানের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি।"

সিনেটর ব্রায়ান ক্যাভানাহ বলেন, "আজকে গভর্নর কুওমো যেই বিধানটি স্বাক্ষর করবেন তা বিশাল এক রূপান্তর। আজকের আগে পর্যন্ত, আমাদের স্টেটের নির্বাচন আইন ছিল দেশের মধ্যে সবথেকে খারাপের তালিকায়, ভোটদান ছিল অপ্রয়োজনীয়ভাবে কঠিন এবং বিশেষ স্বার্থ মিলিয়ন মিলিয়ন নিউ ইয়র্কবাসীর আওয়াজ দমিয়ে রাখতো LLC-এর মাধ্যমে রাজনীতিবিদদের অসীম পরিমাণ অর্থ প্রদান করে। বহু বছর ধরে, গভর্নরের সমর্থনে সিনেট ও অ্যাসেম্বলি উভয় স্থানে ডেমোক্রেটরা এটি পরিবর্তন করতে লড়াই করেছে, কিন্তু বার বার সিনেটের রিপাবলিকানরা এতে বাধা দিয়েছে, একজন অ্যাসেম্বলি সদস্য হিসেবে আজকে আইনে স্বাক্ষর হওয়া প্রায় সবগুলি বিলের স্পনসর হতে পেরে আমি গর্বিত। নেতা স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার হিস্টি, এবং গভর্নর কুওমোর নেতৃত্বে আমাদের ভাঙ্গাচোরা ভোটদান ব্যবস্থার যে ঢালাওভাবে সংশোধন আমরা করছি তা এটিই স্পষ্ট করে যে আমরা চাই কোনো অযৌক্তিক কাঠিন্যে ছাড়াই যাতে প্রত্যেক উপযুক্ত ভোটদানকারী আমাদের গণতন্ত্রে অংশগ্রহণ করতে পারে। এবং আমাদের ক্যাম্পেইন আর্থিক ব্যবস্থার সর্বাধিক শোচনীয় ত্রুটি, LLC লুপহোল বন্ধ করার ফলে অপরিমিত, প্রায়শই বেনামি ক্যাম্পেইন অবদানের বিশাল স্রোত, যা বিশেষ বিশেষ মানুষ ও সংকীর্ণ ব্যবসা স্বার্থের ফলে পাইকারি প্রভাব কিনতে দিতো, তা বন্ধ হয়ে যাবে। আমাদের ক্যাম্পেইন আর্থিক ব্যবস্থার আকাঙ্খিত বিস্তৃত আধুনিকায়নের এটি একটি বিরাট প্রথম ধাপ।"

সিনেটর ডেভিড কার্লুচি বলেন, "এই প্রয়োজনীয় ভোটদান সংশোধন স্বাক্ষর করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি। নিউ ইয়র্কের ভোটদান আইন এখন একুশ শতকের সাথে সামঞ্জস্যপূর্ণ হল, এবং মানুষ এখন বের হয়ে এসে ভোট প্রদানে আগ্রহী হবে। 16 ও 17 বছর বয়সীদের ভোটের জন্য প্রাক-নিবন্ধন এবং সার্বজনীন নিবন্ধন স্থানান্তর বিলগুলির সমর্থন ও স্পনসর করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য জেফরি ডিনোউইৎজ বলেন, "বহু বছর ধরে, আমাদের সুপ্রাচীন নির্বাচনী আইনের কারণে নিউ ইয়র্ক জাতীয় এই তালিকায় নিচের দিকে ছিল। আমি অত্যন্ত গর্বিত যে ব্যাপারটি এখন আর সেরকম নেই। একটি বিশাল ধাপে, আমরা অনেকগুলি বহু প্রত্যাশিত নির্বাচনী সংশোধন করতে পেরেছি যার ফলে মানুষের জন্য ভোটদান সহজতর হবে এবং নির্বাচনে অর্থের প্রভাব কমবে। এছাড়াও, আমার ভোটদানকারী বহনযোগ্যতা বিলের মতো বিধানের ফলে, নিউ ইয়র্ক মানুষের গণতন্ত্রে অংশগ্রহণ সহজতর

করার পলিসি প্রণয়নে নেতৃত্ব দিচ্ছে এবং দিতে থাকবে। ধন্যবাদ অ্যাসেম্বলি স্পিকার হিস্টি এবং আমাদের সাথে থাকা সকল অ্যাডভোকেটকে, বছরের পর বছর ধরে অ্যাসেম্বলিতে বিল গুলি পাশ করতে আমাদের প্রতি সমর্থন অক্ষুণ্ণ রক্ষার জন্য। গভর্নর কুওমোকেও ধন্যবাদ এই সংশোধনগুলিকে উপসংহারের দিকে নিয়ে যেতে সমর্থনের জন্য এবং অবশেষে এই বিলগুলিকে স্টেটের সিনেটে পাশ করানোর জন্য সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সকেও ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য জো অ্যান সিমোন বলেন, "নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা ও ন্যায্যতা পাওয়া নিউ ইয়র্কবাসীর প্রাপ্য এবং কুখ্যাত LLC লুপহোল বন্ধ করা সামনের দিকে একটি গুরুত্বপূর্ণ ধাপ। নিউ ইয়র্কে এখন আর পছন্দের প্রার্থীকে প্রভাবিত করার আশায় ধনী ও বিশেষ স্বার্থান্বেষীদের ক্যাম্পেইনে বেনামে অপরিমিত অর্থ ঢালতে দেওয়া হবে না। LLC লুপহোল বন্ধ করার মাধ্যমে LLC নিয়ন্ত্রকদের অতিরিক্ত বেশি প্রভাব ভোঁতা করে দেওয়া হবে এবং সাধারণ নিউইয়র্কবাসীর মত প্রকাশিত হবে। এই বিলটিকে দ্রুত আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি কারণ ন্যায্যতার জন্য নিউ ইয়র্কবাসী আর এক দিনও অপেক্ষা করতে পারছে না।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন